রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৪, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০১.২৬.৩৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | জনাব আমীর খসরু মাহমুদ চৌধুরী<br>মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | মির্জা ফখরুল ইসলাম আলমগীর<br>মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | জনাব সালাহউদ্দিন আহমদ<br>মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | জনাব ইকবাল হাসান মাহমুদ<br>মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | ড. খলিলুর রহমান<br>মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | খন্দকার আব্দুল মুক্তাদির<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |

(৭) জনাব মোঃ আসাদুজ্জামান — সদস্য
মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৮) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী — সদস্য।

১.২। **সহায়তাদানকারী কর্মকর্তাগণ:**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, অর্থ বিভাগ

(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৬) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য

(৭) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(৮) প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.৩। **কমিটির কার্যপরিধি :**

(১) ক. উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, অধস্তন দপ্তর, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান ও কোম্পানি (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক প্রেরিত এককভাবে ১০০ (একশত) কোটি টাকার উর্ধ্বের পূর্ত কাজ ও সংশ্লিষ্ট সেবা এবং পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয় ও চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

খ. পরিচালন বাজেটের ক্ষেত্রে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, অধস্তন দপ্তর, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান ও কোম্পানি (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক প্রেরিত এককভাবে পূর্ত কাজের ক্ষেত্রে ১০০ (একশত) কোটি টাকার এবং পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবার ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয় ও চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(২) ক. উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা সংক্রান্ত ৩০ (ত্রিশ) কোটি টাকার উর্ধ্বের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

খ. পরিচালন বাজেটের ক্ষেত্রে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা সংক্রান্ত ২০ (বিশ) কোটি টাকার উর্ধ্বের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(৩) ক. উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর ও অধস্তন দপ্তরের ২৫ (পঁচিশ) কোটি টাকার উর্ধ্বের ভৌত সেবা সংক্রান্ত চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

খ. উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে গণখাতে সকল কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/ সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানি/ সংবিধিবদ্ধ সংস্থাসমূহের ১৫ (পনেরো) কোটি টাকার উর্ধ্বের এবং পরিচালন বাজেটের ক্ষেত্রে ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ভৌত সেবা সংক্রান্ত চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(৪) উপরের (১) ক, খ, (২) ক, খ এবং (৩) ক, খ উপ-অনুচ্ছেদে উল্লিখিত অংকের পুনঃদরপত্র সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা;

(৫) সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানে অনুসৃত দরপত্র পদ্ধতির পরিবীক্ষণ ও পর্যালোচনা; এবং

(৬) কোনো আইন, বিধি বা নীতিমালায় এ কমিটি কর্তৃক বিবেচনার জন্য কোনো বিষয় নির্ধারণ করা থাকলে তা বিবেচনা।

১.৪। কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

১.৬। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৭। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২০ আগস্ট ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬. ০০৪.২৪.১৪৮ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd